# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ১৮. আবু সুফিয়ানের প্রতি নাখোশ তার সেনাপতি (غضب على أبى سفيان قائده)

উবাইশ গোত্রের নেতা(سَيِّدُ الْأَُبْيْشِ) হুলাইস বিন যাববান(حُلَيْسُ بْنُ زَبَّان) যুদ্ধশেষে আবু সুফিয়ানের নিকট দিয়ে যাচ্ছিলেন। এ সময় আবু সুফিয়ান নিহত হামযা বিন আব্দুল মুত্ত্বালিবের চোয়ালে বর্শা দিয়ে খোঁচা মারছিলেন আর বলছিলেন,ذُقْ عُقَقَ অর্থাৎ ذُقْ يَا عَاقُّ ‘মজা চাখো হে অবাধ্য! এ দৃশ্য দেখে হুলাইস বলে উঠলেন, হে বনু কিনানাহ! ইনি হ’লেন কুরাইশের নেতা। দেখ তিনি তার ভাতিজার মৃত লাশের সাথে কিরূপ আচরণ করছেন? তখন আবু সুফিয়ান লজ্জিত হয়ে বলে উঠলেন,وَيْحَكَ! أُكْتُمْهَا عَنِّي، فَإِنَّهَا كَانَتْ زَلَّةً ‘তোমার ধ্বংস হৌক! চুপ থাক। এটা একটা পদস্খলন’ (ইবনু হিশাম ২/৯৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5468

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন